

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৬৯৪ ৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ১৭. তাকদীর সম্পর্কে

بَابٌ فِي الْقَدَرِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَد، حَدَّثَنَا الْمُعْتَمِرُ، قَالَ: سَمِعْتُ مَنْصُورَ بْنَ الْمُعْتَمِرِ، يُحَدِّثُ عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةً، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ حَبِيبِ أَبِي عَبْدِ الرَّحْمَنِ السُّلَمِيِّ، عَنْ عَلِيٍّ عَلَيْهِ السَّلَام، قَالَ: كُنَّا فِي جَنَازَةٍ فِيهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِبَقِيعِ الْغَرْقَدِ، فَجَاءَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِلَقِيعِ الْغَرْقَدِ، فَجَاسَ وَمَعَهُ مِخْصَرَةٌ، فَجَعَلَ يَنْكُتُ بِالْمِخْصَرَةِ فِي الْأَرْضِ، ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَالَ: مَا مِنْكُمْ مِنْ أَحَد، مَا مِنْ نَفْسِ مَنْفُوسَةٍ إِلَّا كَتَبَ اللَّهُ مَكَانَهَا مِنَ النَّارِ أَقْ مِنَ الْجَنَّةِ، إِلَّا قَدْ كُتِبَتْ شَقِيَّةً، أَقْ سَعِيدَةً، قَالَ: فَقَالَ رَجُلٌ مِنَ الْقَوْمِ: يَا نَبِيَّ اللَّهِ أَفَلَا نَمْكُثُ عَلَى كِتَابِنَا وَنَدَعُ الْعَمَلَ فَمَنْ كَانَ مِنْ أَهْلِ السَّعَادَةِ لَكُتَبَ اللَّهُ لَقُومِ: يَا نَبِيَّ اللَّهِ أَفَلَا نَمْكُثُ عَلَى كِتَابِنَا وَنَدَعُ الْعَمَلَ فَمَنْ كَانَ مِنْ أَهْلِ السَّعَادَةِ فَكُلُّ مِنَ الْعَنْدَةِ فَيُنَسَّرُهُ لِلسَّعْوَةِ لَيَكُونَنَّ إِلَى الشِّقْوَةِ عَلَى السَّعَادَةِ فَكُلُ السَّعَادَةِ فَكُلُ السَّعَادَةِ فَيْكُونَنَّ إِلَى الشِقْوَةِ عَلَى السَّعَادَةِ فَكُلُ السَّعَادَةِ فَيُيَسَّرُونَ لِلسَّعَادَةِ مَنْ عَلَى السَّعَادَةِ فَكُلُّ السَّعَادَةِ فَيُنَسَرُونَ لِلسَّعَادَةِ وَمَنْ كَانَ مِنْ أَهْلِ السَّعَادَةِ فَكُلُّ السَّعَادَةِ وَمَنْ كَانَ مَنْ أَلْسُرُونَ لِلسَّعَادَةِ وَمَنْ كَانَ مَنْ أَلْسُرُونَ لِلسَّعَادَةِ وَمَنْ عَلَى السَّعَادَةِ فَكُلُّ السَّعَادَةِ فَكُلُ السَّعَادَةِ فَكُنَّ مِنْ أَلْسُرُونَ لِلْسُقَوْةِ وَمَنْ كَانَ مَنْ أَلْكِ اللَّهُ مَنْ أَعْلَى السَّعَادَةِ فَيْمَلِ الْمَلْ السَّقَوْدَةِ مُ لَلْ السَّقَوْدَ الْقُلْ السَّعَادَةِ وَمَنْ كَانَ مَنْ أَلْعُسُرَاقُ الْمَلْ السَّقَوْدَ الْفَلْ السَّعَلَ مَنْ أَلْمُ السَّعَوْمَ وَاللَّهُ الْمَالُولُ الْمَلْ السَّعَلَ السَّعَلَ اللَّهُ السَّعَلَى اللَّهُ السَّعَلَى اللَّهُ السَلَّالِ اللَّهُ عَلَى السَّعَادَةِ وَلَا الْعَلْسُولُ الْمَالَى الْمُ السَلَّالِ اللَّهُ الْمَالَالُ السَّعَلَ الْمَالِ الْمَالِلَ السَّعَلَ الْمَلْ الْ

صحيح

বাংলা

৪৬৯৪। আলী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি বাকি আল-গারকাদে এক জানাযায় ছিলাম। সেখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-ও উপস্থিত ছিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এসে বসলেন এবং তাঁর সঙ্গের লাঠি দিয়ে মাটির উপর আঁচড় দিতে লাগলেন। অতঃপর তিনি মাথা তুলে বললেনঃ তোমাদের মধ্যে এমন কেউ নেই, এমন কোনো নিঃশ্বাসধারী নেই যার জাহান্নামে বা জান্নাতে নেককার ও বদকার



হিসেবে ঠিকানা লিখে রাখা হয়নি।

আলী (রাঃ) বলেন, উপস্থিত জনতার মধ্য থেকে একজন বললো, হে আল্লাহর নবী! তাহলে আমরা কি আমাদের ঐ লেখার উপর নির্ভর করে আমল ছেড়ে দিবো না? অতঃপর যার সৌভাগ্যবান হিসেবে লেখা আছে সে ভালো কাজেই অবসর হবে, আর আমাদের মধ্যে যার নাম হতভাগা ও পাপীষ্ঠ হিসেবে আছে সে পাপ কাজেই অগ্রসর হবে।

নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা আমল করতে থাকো। কেননা প্রত্যেকের জন্য সেটাই সহজ করা হয়েছে যার জন্য তাকে সৃষ্টি করা হয়েছে। যে ভাগ্যবান সৎকর্ম তার জন্য সহজ হয়, আর যে পাপিষ্ঠ তার জন্য পাপ কাজ সহজ হয়। অতঃপর আল্লাহর নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কুরআনের এ আয়াত পাঠ করলেনঃ সুতরাং দান করলে, মুক্তাকী হলে এবং যা উত্তম তা গ্রহণ করলে, আমি তার জন্য সুগম করে দিবো সহজ পথ। আর কেউ কৃপণতা করলে এবং স্বয়ংসম্পূর্ণ মনে করলে, আর যা উত্তম তা বর্জন করলে আমি তার জন্য সুগম করে দিবো কঠোর পরিণতির পথ।" (সূরা আল-লাইলঃ ৫-১০)।[1]

সহীহ।

English

'Ali said:

We attended a funeral at Bagl' al-Ghargad which was also attended by the Messenger of Allah (May peace be upon him). The Messenger of Allah (May peace be upon him) came and sat down. He had a stick (in his hand) by which he began to scratch up the ground. He then raised his head and said: The place which every one of you and every soul of you will occupy in Hell or in Paradise has been recorded, and destined wicked or blesses. A man from among the people asked: Prophet of Allah! Should we not then trust simply in what has been recorded for us and abandon (doing good) deeds? Those who are among the number of the blessed will be inclined to blessing, and those of us who are among the number of the wicked will be inclined to wickedness. He replied: Go on doing good actions, for everyone is helped to do that for which he was created. Those who are among the number of wicked will be helped to do wicked deeds. The Prophet of Allah (May peace be upon him) then recited: "So he who gives (in charity) and fears (Allah), and in all sincerity testifies to the best, we will indeed make smooth for him the path to bliss. But he who is a greedy miser and thinks himself selfsufficient, and gives the lie to the best, We will indeed make smooth for him the path of misery."

ফুটনোট



[1]. বুখারী, মুসলিম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

 ${\color{red} {\it O}} {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=62062}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন